

নিয়োগ বিজ্ঞপ্তি

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী
মোমেনশাহী সেনানিবাস

Web: www.cpscm.edu.bd

অত্র প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য সং, যোগ্য ও প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে

৪

ক্রঃ নং	পদের নাম ও সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ মোটাবেক)
১।	প্রভাষক (পদার্থবিজ্ঞান) -০১ জন	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। অথবা, খ। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।	২২,০০০- ৫৩,০৬০/- (গ্রেড-৯)
২।	ক। সহকারি শিক্ষক (রসায়ন) - ০১ জন। খ। সহকারি শিক্ষক (ইংরেজি) - ০১ জন।	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতকসহ ২য় শ্রেণির বিএড ডিগ্রী। অথবা, খ। সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। অথবা, গ। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।	১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০)
৩।	ক। সহকারি শিক্ষক (শিল্প ও সংস্কৃতি) - ০১ জন। খ। সহকারি শিক্ষক (মিউজিক/সংগীত/বাদ্যযন্ত্র) - ০১ জন।	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী। অথবা, খ। ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। অথবা, গ। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। ঘ। ব্যবহারিক জ্ঞান ও সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ এবং অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।	১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০)

চাকুরীর শর্ত ও আবেদনের নিয়মাবলী। সকল পদে প্রার্থীদের অস্থায়ী ভিত্তিতে নিয়োগের পর ০২ (দুই) বৎসর চাকুরীকাল পর্যবেক্ষণ পিরিয়ড হিসেবে গণ্য হবে। উক্ত সময়ে পেশাগত মান সন্তোষজনক বিবেচিত হলে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী চাকুরী স্থায়ী করা হবে। চাকুরী স্থায়ীকরণের পর প্রতিষ্ঠানের বিধি মোতাবেক উৎসাহ ভাতা, প্রভিডেন্ড ফান্ড, গ্র্যাচুইটি এবং আবাসন সুবিধা প্রদান করা হবে। ক্রমিক ১ নং পদের জন্য ৮০০/- (আটশত), ২ ও ৩ নং পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী বরাবর, ট্রাস্ট ব্যাংক লিঃ/সোনালী ব্যাংক ময়মনসিংহ শাখার অনুকূলে (ট্রাস্ট ব্যাংক লিঃ/সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে) পূর্ণ জীবনবৃত্তান্ত (মোবাইল ফোন নম্বরসহ), সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ল্যাব প্রিন্ট ছবিসহ আগামী ০৭নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে দরখাস্ত অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী বরাবর স্বশরীরে/ডাকযোগে পৌঁছাতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ-২.৫০ এর নীচে) গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষা ১৬নভেম্বর ২০২৪ তারিখ ১০০০ ঘটিকায় প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। আবেদন পত্র যাচাই/বাছাই পূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত ব্যক্তিদের নামীয় তালিকা পরীক্ষা অনুষ্ঠিত হবার ০২ দিন পূর্বে অত্র প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না এবং ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।

অধ্যক্ষ